

ইঞ্জিনিয়ারিং কলেজশিক্ষার্থীদের কর্মসূচি পত্র

নিম্নর প্রতিবেদক

২৯ জুলাই ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক আমাদের মধ্যে



ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) অধিভুক্তি কাঠামো বাতিল করে বাংলাদেশ ইনসিটিউট অব টেকনোলজি (বিআইটি) মডেলের আদলে স্বাতন্ত্র্য নিশ্চিত করার এক দফা দাবিতে আন্দোলনে নেমেছে ইঞ্জিনিয়ারিং কলেজশিক্ষার্থীরা। এক দফা দাবি নিয়ে গতকাল সোমবার দুপুরে শিক্ষা ভবন অভিমুখে যাত্রা করলে পুলিশি বাধায় তা প-হয়ে যায়।

পুলিশের ধাওয়া ও লাঠিপেটায় ছত্রভঙ্গ করে দেওয়া হয় শিক্ষার্থীদের। গতকাল দুপুরে জাতীয় প্রেসক্লাবের সামনে এ ঘটনা ঘটে। এর আগে বেলা ২টার দিকে ইঞ্জিনিয়ারিং কলেজশিক্ষার্থীরা শিক্ষা ভবনের সামনে আমরণ অনশনে বসার ঘোষণা দেন।

পুলিশের পক্ষ থেকে বলা হয়, শিক্ষাভবন নয়, প্রেসক্লাবের সামনে অথবা শহীদ মিনারে তারা শাস্তিপূর্ণ অবস্থান করতে পারবেন। নির্দেশনা অমান্য করে শিক্ষাভবনের দিকে রওনা হলে পুলিশ প্রথমে তাদের বাধা দেয়, পরে ছত্রভঙ্গ করার জন্য লাঠিচার্জ ও ধাওয়া দেয়।

ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজের শিক্ষার্থী কামরূল হাসান বলেন, এক দফা দাবিতে গত রবিবার থেকে আমরা প্রেসক্লাব এলাকায় অবস্থান করছি। আমরা শাস্তিপূর্ণ অনশন কর্মসূচি পালন করতে দুপুরে শিক্ষা ভবনের দিকে যাচ্ছিলাম। তখন পুলিশ আমাদের ওপর লাঠিচার্জ করে। এতে আমিসহ আমাদের অন্তত ২০ থেকে ২৫ জন আহত হন।

ঢাকা মেট্রোপলিটন পুলিশের রমনা বিভাগের উপ-পুলিশ কমিশনার মাসুদ আলম জানান, ইঞ্জিনিয়ারিং কলেজের শিক্ষার্থীরা শিক্ষাভবন ঘেরাও করার ঘোষণা করে যাত্রা করে। আমরা তাদের শহীদ মিনার অথবা প্রেসক্লাবের সামনে শাস্তিপূর্ণ অবস্থান কর্মসূচি পালনের অনুরোধ করি। তারা তাদের দাবিতে অনড় থেকে শিক্ষাভবনের দিকে রওনা করলে পুলিশ তাদের ছত্রভঙ্গ করতে মৃত্যু লাঠিচার্জ করে এবং ধাওয়া দেয়।

